# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৯১

১/ বিবিধ

আরবী

ثلاث من كنوز البر: إخفاء الصدقة، وكتمان الشكوى، وكتمان المصيبة، يقول الله عز وجل: إذا ابتليت عبدي ببلاء فصبر، لم يشكني إلى عواده أبدلته لحما خير من لحمه، ودما خير من دمه، فإن أرسلته أرسلته ولا ذنب له، وإن توفيته فإلى رحمتي

موضوع

تمام (6 / 119 / 2) وعنه ابن عساكر (15 / 120 / 2) والطبراني في " الكبير " وأبو القاسم الحنائي في " الفوائد " (147 / 1) وأبو نعيم في " الحلية " (7 / 117) وفي " الأربعين الصوفية " (60 / 2) من طريق الجارود بن يزيد: حدثنا سفيان يعني الثوري عن الأشعث عن ابن سيرين عن أنس بن مالك مرفوعا. وقال الحنائي وأبو نعيم: " تفرد به الجارود. وزاد الأول: وهو ضعيف الحديث ". وكذا قال ابن الجوزي في " الموضوعات " (3 / 199) إلا أنه قال: " وهو متروك وتعقبه السيوطي في " اللآلي " بقوله (4 / 395) : " قلت: لم يتهم الجارود بوضع
قلت: بلى، فقد قال ابن أبي حاتم في " الجرح والتعديل " (1 / 1 / 225) : " كان أبو أسامة يرميه بالكذب، وقال أبي: هو كذاب ". وقال العقيلي: " يكذب ويضع الحديث ". وقال الحاكم: " روى عن الثوري أحاديث موضوعة ". ونحوه قول ابن حبان: " ينفرد بالمناكير عن المشاهير، وروى عن الثقات ما لا أصل له ". ثم قال في حديث الترجمة: " لا أصل له

ثم ذكر السيوطي له شواهد منها

বাংলা

৬৯১। ভূপৃষ্ঠের গচ্ছিত সম্পদ হচ্ছে তিনিটিঃ লুকিয়ে সাদকাহ করা, অভিযোগ গোপন করা এবং বিপদাপদকে গোপন করা। আল্লাহ তা'আলা বলেনঃ আমি আমার বান্দাকে বিপদ দিয়ে পরীক্ষা করলে সে যদি তার নিকট আগমনকারীদের কাছে কোন অভিযোগ উপস্থাপন না করে ধৈর্য ধারণ করে, তাহলে আমি তার বর্তমান মাংসকে ও রক্তকে আরো উত্তম মাংস ও উত্তম রক্ত দ্বারা পরিবর্তন করে দি। আর যদি তাকে ছেড়ে দি তাহলে এমনভাবে ছেড়ে দি যে তার কোন গুনাহই অবশিষ্ট থাকে না। যদি তার মৃত্যু দিয়ে দি, তাহলে সে আমার রহমতের নিকট চলে আসে।

হাদীছটি জাল।

এটি তাম্মাম (৬/১১৯/২), তার থেকে ইবনু আসাকির (১৫/১২০/২), তাবারানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে, আবুল কাসেম আল-হান্নাঈ "আল-ফাওয়ায়েদ" (১/১৪৭) গ্রন্থে এবং আবু নোয়াইম "আল-হিলইয়াহ" (৭/১১৭) এবং "আল-আরবাউনুস সূফিয়াহ" (২/৬০) গ্রন্থে আল-জারূদ ইবনু ইয়াযীদ সূত্রে সুফিয়ান আছ-ছাওরী হতে তিনি আশয়াছ হতে তিনি ইবনু সীরীন হতে ... বর্ণনা করেছেন। আল-হান্নাঈ এবং আবু নোয়াইম বলেনঃ আল-জারূদ হাদীছটি এককভাবে বর্ণনা করেছেন। হান্নাঈ বলেনঃ তিনি হাদীছের ক্ষেত্রে দুর্বল। ইবনুল জাওযী “আল-মাওযূ'আত” (৩/১৯৯) গ্রন্থে অনুরূপ কথাই বলেছেন। তবে তিনি বলেছেনঃ তিনি মাতরূক।

সুয়ূতী তার সমালোচনা করে “আল-লাআলী” (৪/৩৯৫) গ্রন্থে বলেছেনঃ জারূদকে জাল করার দোষে দোষী করা হয়নি।

আমি (আলবানী) বলছিঃ জি হ্যাঁ, তার সম্পর্কে ইবনু আবী হাতিম "আল জারহু ওয়াত-তা'দীল" (১/১/২২৫) গ্রন্থে বলেনঃ আবু উসামাহ তাকে মিথ্যার দোষে দোষী করেছেন। আর আমার পিতা বলেছেনঃ তিনি মিথ্যুক। উকায়লী বলেনঃ তিনি মিথ্যুক, হাদীছ জালকারী। হাকিম বলেনঃ তিনি ছাওরী হতে বানোয়াট হাদীছ বর্ণনা করেছেন। ইবনু হিব্বানের বক্তব্যও অনুরূপ, তিনি বলেনঃ তিনি প্রসিদ্ধদের উদ্ধৃতিতে এককভাবে মুনকার হাদীছ বর্ণনা করেছেন, নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে ভিত্তিহীন কিছু বর্ণনা করেছেন। অতঃপর তিনি আলোচ্য হাদীছটি সম্পর্কে বলেনঃ এটির কোন ভিত্তি নেই।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71570

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন